

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নধীন "বাংলাদেশ ই-গভর্নমেন্ট ইআরপি (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় উন্নয়নকৃত ইআরপি সফটওয়্যারের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য ও সুবিধাসমূহ নিম্নরূপ:

১। ইনভেন্টরি মডিউল:

- প্রাধিকার অনুযায়ী চাহিদা প্রস্তুত করা যায়;
- কর্মকর্তা বা সেকশন হিসাবে আইটেমের আনুপাতিক বিতরণ নিশ্চিত করবে। সম্পদের অপব্যবহার এড়ানো যাবে;
- তাৎক্ষণিকভাবে রেজিস্টার প্রদান করে যা স্টোর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনবে ও দাপ্তরিক গতিশীলতা বাড়াবে;
- রি-অর্ডার লেভেল প্রতিবেদন ও নোটিফিকেশন পাওয়া যায়, ফলে দ্রব্যাদি শূন্য হবার সম্ভাবনা থাকেনা; এবং
- আগের বছরের প্রান্তিকের ব্যবহার-ইতিহাস, নতুন দ্রব্য কিনতে ও আনুপাতিকভাবে বাজেট বরাদ্দ রাখতে সহায়তা করবে।

২। মিটিং মডিউল:

- সভা/ইভেন্ট ভেন্যু বুকিং স্বয়ংক্রিয় এবং সংঘাতমুক্ত হবে;
- মিটিংয়ের রেকর্ড প্রতিলিপি এবং বাতিলকরণ/পুনঃনির্ধারণের বিষয়ে স্বয়ংক্রিয়ভাবে আমন্ত্রিত ও উপস্থিতিতে জানিয়ে দেয়া যায়;
- সদৃশ মিটিং গুলোর নোটিশ, আমন্ত্রিত তালিকা ও রেজোলিউশন - দ্রুততর সময়ে তৈরী ও সংরক্ষণ করা যায়;
- পূর্বের সভাসমূহের ফলোআপ। তাৎক্ষণিকভাবে যেকোনো পূর্ববর্তী সভা সার্চ করে এর উপস্থিতি, রেজোল্যুশনসহ সার্বিক তথ্য দেয়। বিশেষ করে রেজোল্যুশনের কন্টেন্টে অনুসন্ধানের সুবিধা রাখা হয়েছে; এবং
- সভার সম্মানী একাউন্টস মডিউলের সাথে আন্তঃসম্পর্কযুক্ত।

৩। প্রকিউরমেন্ট মডিউল:

- পিপিআর অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) প্রস্তুত করা যায়;
- বিশেষ করে যেসব দপ্তরের সকল কার্যালয়ের এপিপি কেন্দ্রীয়ভাবে সম্পন্ন হয়, এই মডিউলটি সেই সব দপ্তরের জন্য বিশেষ ভূমিকা রাখবে;
- সকল কাজ সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন হওয়ায়, প্রক্রিয়াগত স্বচ্ছতা বৃদ্ধি পায় তাই সকলের নিকট গ্রহণযোগ্য হবে;
- পণ্য, সেবা ও কার্যের সংক্ষিপ্ত ও বিস্তারিত প্রতিবেদন খুব সহজে পাওয়া যায়;
- ডিসিপি প্রক্রিয়া ব্যবহারের সুবিধা বিদ্যমান; এবং
- পূর্ববর্তী বছরের ক্রয়-ইতিহাস পরবর্তী বছরের ক্রয় সিদ্ধান্তে সহায়তা করবে।

৪। এ্যাসেট মডিউল:

- ক্রয় থেকে নিষ্পত্তি পর্যন্ত সম্পদের সম্পূর্ণ জীবনচক্র সংরক্ষণ করে যা সম্পদের পরিপূর্ণ পোর্টফলিও ডাটা হিসাবে গ্রহণযোগ্য উৎস হবে;
- তাৎক্ষণিক ভাবে অবস্থান, সেকশন/কর্মকর্তা অনুযায়ী সম্পদের ট্র্যাকিং করা যায়; এবং
- সম্পদের বিভিন্ন দিক (রক্ষণাবেক্ষণ, আপগ্রেড, প্রতিস্থাপন, ফেরত, নিষ্পত্তি ইত্যাদি) সম্পর্কে সমযোচিত নোটিফিকেশন প্রদান করে সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে যা ফলশ্রুতিতে দপ্তরের উৎপাদনশীলতা ও সরকারের রাজস্ব আয় বৃদ্ধিতে সহায়তা করবে।

৫। হিউম্যান রিসোর্স মডিউল:

- কর্মকর্তা/কর্মচারীগণের প্রয়োজনীয় তথ্য যথাযথভাবে সংরক্ষণ ও অবসর গ্রহণকালীন প্রয়োজনীয় কার্যক্রম গতিশীল ও সহজীকরণ;
- ছুটি ব্যবস্থাপনা এবং উপস্থিতি পর্যবেক্ষণের মাধ্যমে প্রতিষ্ঠানের কর্মদক্ষতা বৃদ্ধি;

- কর্মকর্তা/কর্মচারীগণের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ, প্রকাশনা ও পুরস্কার সংক্রান্ত তথ্যের যথাযথ ব্যবহারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা;
- শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ ও পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ;
- প্রতিটি কর্মচারীর ডেটা তুলনা এবং বিশ্লেষণের মাধ্যমে সময়মত প্রতিবেদন তৈরি ও কর্তৃপক্ষের সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়া সহজীকরণ; এবং
- সঞ্চিত তথ্য ই-নথি এবং পিএমআইএসের সাথে ইন্টিগ্রেশনের সুবিধা রাখা হয়েছে।

৬। একাউন্টস মডিউল:

- অর্থ মন্ত্রণালয়ের সাথে হিসাবের রিকনসিলিয়েশন যথাযথ ও অর্থপূর্ণ হবে;
- অর্থ ছাড় থেকে শুরু করে অর্থবছর শেষে অব্যয়িত অর্থ ফেরত প্রদান পর্যন্ত প্রতিষ্ঠানের প্রতিটি লেনদেন এর তথ্য পরিপূর্ণ সংরক্ষণ করা হবে। যে কোন লেনদেন সম্পর্কে তাৎক্ষণিক তথ্য খুঁজে পাওয়া যাবে এবং আর্থিক গতিশীলতা বৃদ্ধি পাবে;
- অটোমেটিক সতর্ক বার্তা থাকায় গৃহীত অগ্রিম গ্রহণের বিপরীতে যথাযথভাবে বিল/ভাউচার উপস্থাপনের মাধ্যমে সমন্বয় করা বাধ্যতামূলক হবে;
- বাজেট মডিউলের সাথে ইন্টিগ্রেশন থাকায় কোন আর্থিক খাতে অতিরিক্ত ব্যয় বা বিল প্রদানের কোন সুযোগ থাকবে না; এবং
- বিভিন্ন ক্রয়/সরবরাহ, সেবা খাতে অর্থ ব্যয়ের বিপরীতে সরকারের পাওনা ভ্যাট, আয়কর ও অন্যান্য রাজস্ব তাৎক্ষণিক আহরণ ও কোষাগারে জমা নিশ্চিত হবে।

৭। অডিট মডিউল:

- অর্থ ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে;
- অডিট আপত্তি নিষ্পত্তিতে সহায়ক ভূমিকা রাখবে;
- অডিট আপত্তি উত্থাপন হতে শুরু করে চূড়ান্ত নিষ্পত্তি পর্যন্ত প্রত্যেকটি ঘটনার সুষ্ঠু রেকর্ডভুক্ত হবে বিধায় অডিট আপত্তি ও নিষ্পত্তির হালনাগাদ সঠিক বিবরণী মুহূর্তেই জানা সম্ভব হবে; এবং
- অডিট আপত্তি যেন উত্থাপিত না হয়, সেদিকে সকলেই যত্নবান হবেন বিধায় সরকারের আর্থিক বিধিবিধান অধিকতর প্রতিপালন করে অর্থ ব্যয় হবে।

৮। বাজেট মডিউল:

- মন্ত্রণালয়ের অধীনস্থ সকল দপ্তর ও অফিসের চাহিদা প্রেরণ ও স্বয়ংক্রিয়ভাবে চাহিদা গ্রহণ ও একত্রীকরণ করে বাজেট প্রস্তাব প্রস্তুত করা যাবে;
- বাজেট মডিউল ও একাউন্টস মডিউল সমন্বিত ভাবে কাজ করতে পারবে;
- বাজেটের চাহিদা যথাযথ ও অর্থপূর্ণ হবে;
- রিয়াল টাইম আর্থিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি পর্যবেক্ষণ করা যাবে; এবং
- আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে।

৯। প্রকল্প পর্যবেক্ষণ ও পরিচালনা মডিউল:

- জাতীয় উন্নয়ন পরিকল্পনার সাথে সঙ্গতি রেখে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, নির্বাচন ও প্রণয়ন করা;
- দ্রুততার সাথে উন্নয়ন প্রকল্প অনুমোদন প্রক্রিয়া সম্পন্নকরণ;
- উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং;
- পিপিএস এবং পিএমআইএস সফটওয়্যার এর সাথে ইন্টিগ্রেশন এর সুবিধা সম্পন্ন; এবং
- প্রকল্প অনুমোদন প্রক্রিয়ায় "প্রকল্প মূল্যায়ন কমিটি" ও "একনেক" সভায় প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করণ।